অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/10/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লোয়ার হাডসন ভ্যালিতে দুইটি অবকাঠামো প্রকল্পের নির্মাণ কাজ শুরুর ঘোষণা করলেন

স্টেট রুট 45 সম্পূর্ণ সড়ক প্রকল্প ভবিষ্যতের অবকাঠামোর জন্য সম্প্রদায়ের ভিশন এবং মাল্টিমোডাল চাহিদাকে সমর্থন করে

স্টেট রুট 35 রিসারফেসিং প্রকল্প পেভমেন্ট পুনঃস্থাপন করবে এবং স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে লোয়ার হাডসন ভ্যালিতে দুইটি অবকাঠামো প্রকল্পের কাজ শুরু হয়েছে যা মাল্টিমোডাল পরিবহন সুযোগের প্রচার করবে এবং মুখ্য করিডোরসমূহ সংলগ্নে স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে রকল্যান্ড কাউন্টির রামাপো টাউনের স্প্রিং ভ্যালি গ্রামের স্টেট রুট 59 থেকে ওয়েস্ট ইকার্সন রোড পর্যন্ত স্টেট রুট 45 (মেইন স্ট্রিট) এর একটি 1.36 মাইল অংশের উন্নয়নের জন্য একটি 11 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূর্ণ সড়ক করিডোর প্রকল্পের কাজ শুরু হয়েছে। পাশাপাশি, ওয়েস্টচেস্টার কাউন্টির লুইসবরো টাউনে স্টেট রুট 22 এবং মিড স্ট্রিটের মাঝখানে স্টেট রুট 35 এর একটি 5.9 মাইল অংশ সংলগ্নে রাস্তার পরিস্থিতি উন্নত করার জন্য একটি 6.5 মিলিয়ন মার্কিন ডলারের রিসার্ফেসিং প্রকল্পের কাজ শুরু হয়েছে। এই প্রকল্পসমূহ রাস্তার ব্যবহারকারীদের জন্য নিরাপত্তা ও সচলতা বৃদ্ধি করবে এবং একই সাথে স্টেটব্যাপী টেকসই প্রয়াসকে সমর্থন করবে এবং আমাদের অবকাঠামোর দীর্ঘমেয়াদি স্থায়িত্ব অগ্রসর করবে।

"আমার প্রশাসন নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণ করার জন্য অবকাঠামোর রূপান্তরে নিবিড়ভাবে মনোযোগ দিচ্ছে, এবং লোয়ার হাডসন ভ্যালির এই প্রকল্পসমূহ সেই প্রতিশ্রুতির উদাহরণস্বরূপ," **গভর্নর হোকল বলেন।** "এগুলি শুধু রাস্তায় বিনিয়োগ নয়, বরং সম্প্রদায় এবং সেখানে বাস করা , কাজ করা এবং পরিবার বড় করা মানুষের উপর বিনিয়োগ। এই বিনিয়োগসমূহ সচলতা বৃদ্ধি করবে, অবকাঠামোকে বলীয়ান করবে, এবং এইসব ব্যস্ত করিডোরের উপর যারা নির্ভর করে তাদের যাতায়াতের অভিজ্ঞতা উন্নত করবে।"

স্টেট রুট 45 সংলগ্নে উন্নয়নকাজের মধ্যে রয়েছে নতুন বামে-মোড় নেওয়ার লেন, উন্নত ট্র্যাফিক সিগন্যাল, নতুন ক্রসওয়াক, সাইডওয়াক কার্ব র্যাম্প, অ্যাক্সেসিবল পথচারীর সিগন্যাল সরঞ্জাম, ড্রেনেজ এবং নতুন লেনের কনফিগারেশনের বাস্তবায়ন। মিলিতভাবে ব্যবহারের লেন চিহ্নসহ যাতায়াত লেনে বাইসাইকেল চালকগণের ব্যবস্থা করা হবে। ট্র্যাফিক

শান্ত করার ব্যবস্থা, যেমন কার্ব বাম্প আউট, অতিরিক্ত প্রশস্ত লেন সরু করা এবং একটি উঁচু মিডিয়ান গতি কমাতে সাহায্য করবে এবং এটি বাইসাইকেল চালকদের সাথে আরো উপযুক্ত হবে।

বেঞ্চ এবং বাইক, র্যাক সংযোজন এবং একই সাথে দুইটি বাস শেল্টারের প্রতিস্থাপনের ফলে করিডোর সংলগ্নে মাল্টিমোডাল ব্যবহারকারীদের জন্য ব্যবস্থা করা হবে। বিদ্যমান ল্যান্ডস্কেপসমূহকে সুরক্ষিত করা হবে বা অনুরূপ প্রজাতিকে পুনরায় স্থাপিত করা হবে যাতে গ্রামের নান্দনিক স্ট্রিটস্কেপ আরো উন্নত হতে পারে। 2026 সালের শুরুর দিকে কাজের প্রধান অংশ শেষ হওয়ার কথা রয়েছে।

একটি "সম্পূর্ণ সড়ক" হলো সকল বয়স এবং সক্ষমতার রাস্তার ব্যবহারকারীদের জন্য নিরাপদ, সুবিধাজনক অ্যাক্সেস ও সচলতার জন্য পরিকল্পনা ও নকশা করা একটি রাস্তা। এর মধ্যে রয়েছে শিশু, বয়স্ক এবং অক্ষমতাসহ ব্যক্তি।

স্টেট রুট 35 রিসার্ফেসিং প্রকল্পে থাকবে বিদ্যমান পেভমেন্টের মিলিং এবং সেবার সময়কাল বৃদ্ধি করার জন্য এবং মান উন্নত করার জন্য একটি উষ্ণ মিশ্রণের অ্যাসফাল্টের ওভারলে দিয়ে রাস্তার রিসার্ফেসিং করা। ট্র্যাফিক সিগন্যালের উন্নয়ন করা হবে, এবং ড্রেনেজের উন্নয়ন এই প্রকল্পের অন্তর্ভুক্ত হবে।

এই প্রকল্পটি একটি ফাইবার দ্বারা জোরদার করা অ্যাসফাল্ট ওভারলে দিয়ে বিদ্যমান পেভমেন্টের প্রতিস্থাপন করবে যা আরো দীর্ঘস্থায়ী হবে, আরো টেকসই হবে এবং ফাটল সবথেকে কম করবে। এছাড়াও ঝড়ের সময় পেভমেন্টের চিহ্নের দৃশ্যমানতা বৃদ্ধি করার জন্য প্রতিফলক এপোক্সি পেইন্টসহ গ্রুভড ইনলেইড স্ট্রাইপিংও যোগ করা হবে।   সকল কাজ রাতের বেলা করার মাধ্যমে যাতায়াতকারী জনগণের জন্য প্রভাব সর্বনিম্ন করার জন্য এই প্রকল্পের নকশা করা হয়েছে। 2024 সালের ফল মৌসুমে প্রকল্পের কাজ শেষ হওয়ার কথা রয়েছে।

পরিবহন বিভাগের (Department of Transportation, DOT) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "অবকাঠামোতে বুদ্ধিমান বিনিয়োগের মাধ্যমে সম্প্রদায়সমূহের জন্য জীবনযাত্রার মান উন্নত করতে গভর্নর হোকলের একটি ভিশন রয়েছে, এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে আমরা সেটি বাস্তবায়িত হতে দেখছি। লোয়ার হাডসন ভ্যালির এই বিনিয়োগসমূহ এইসব সম্প্রদায়কে আগামী বহু প্রজন্মের জন্য বিকশিত ও সমৃদ্ধ হতে দিবে।"

অ্যাসেম্বলি সদস্য জন ম্যাকগোয়ান বলেন, "এইসব রাস্তার অবস্থার কারণে এটি একটি স্বাগত সংবাদ। চলমান আলাপ আলোচনার অংশ হওয়ার জন্য এবং এইসব করিডোরে উন্নয়নের তাৎক্ষণিক প্রয়োজন উপলব্ধি করার জন্য আমি DOT কে ধন্যবাদ জানাচ্ছি। সকল বাসিন্দার নিরাপত্তা অতি গুরুত্বপূর্ণ এবং চালক, বাইসাইকেল চালক এবং পথচারীদের নিরাপত্তার নামে এইসব উন্নয়ন এবং বাস্তবায়নের প্রশংসা করছি। এইসব প্রকল্পের কাজ শেষ হতে দেখার জন্য আমি উন্মুখ এবং ভবিষ্যতের প্রকল্পসমূহের জন্য DOT এবং আমাদের স্থানীয় মিউনিসিপ্যালিটিসমূহের সাথে কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

রামাপো টাউনের সুপারভাইজার মাইকেল স্পেক্ট বলেন, "রুট 45 সম্পূর্ণ সড়ক করিডোর প্রকল্পের কাজ শুরু করা হলো রামাপো টাউনের জন্য অত্যন্ত স্বাগত একটি সংবাদ। পরিবহন বিভাগ যেইসব উন্নয়নকাজ হাতে নিচ্ছে তা পথচারীদের নিরাপত্তা বৃদ্ধি করবে, আমাদের চালকদের জন্য ট্র্যাফিক প্রবাহ উন্নত করবে এবং বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করবে। আমাদের উদ্বেগ সম্পর্কে শোনার জন্য এবং এইসব অতি প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়নকে অগ্রসর করানোর জন্য আমি গভর্নর হোকল এবং NYS DOT কে ধন্যবাদ জানাতে চাই।"

লুইসবরো টাউনের সুপারভাইজার টনি গনকাভস বলেন, "আমি এবং আমাদের টাউনের বাসিন্দারা খুবই খুশি যে বেডফোর্ড টাউন থেকে লুইসবরো টাউন অতিক্রম করা NYS রুট 35 এর পেভিংয়ের কাজ এই গ্রীষ্মকালে শেষ হবে। কয়েক বছর ধরে এই প্রকল্পটি আমার জন্য একটি অগ্রাধিকার হয়ে আছে। এই প্রকল্পের বাস্তবায়নে সাহায্য করার জন্য আমাদের নিউ ইয়র্ক স্টেট এবং ওয়েস্টচেস্টার কাউন্টির প্রতিনিধিদের অংশীদারিত্বের জন্য আমি কৃতজ্ঞ। এছাড়াও আমি NYS DOT অঞ্চল 8 এর পরিচালক ল্যান্স ম্যাকমিলান এবং তার DOT দলের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ যারা 2022 সালের আগস্ট মাসে লুইসবরো টাউনে আসে এবং আমাদের সকলের সাথে দেখা করে রাস্তার অবস্থা সম্পর্কে, বিশেষ করে অত্যন্ত বেশি যাতায়াত করা এই ইস্ট ওয়েস্ট থরোফেয়ারে যাত্রা করা ব্যক্তিদের জন্য নিরাপত্তা নিয়ে আমাদের উদ্বেগ শুনে যায়।"

মোটরচালকদের ওয়ার্ক জোনে ধীর গতিতে এবং দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর আহ্বান জানানো হয়েছে। কাজের অঞ্চলে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়। ওয়ার্ক জোনে দুই বা তার বেশিবার গতিসীমা লঙ্ঘনের জন্য দোষী সাব্যস্ত হলে তার ফলে কোনো ব্যক্তির ড্রাইভার লাইসেন্স সাময়িকভাবে বাতিল করা হতে পারে।

এছাড়াও রাস্তার পাশে ওয়ার্ক জোনে রক্ষণাবেক্ষণ ও নির্মাণ যানবাহনসহ লাল, সাদা, নীল, কমলা বা সবুজ আলো প্রদর্শন করা যানবাহন দেখলে, নিরাপদে সম্ভব হলে এক লেন সরে যেতে বা গতি অনেক ধীর করার ব্যাপারে মোটর চালকদেরকে স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে।

হালনাগাদকৃত ভ্রমণের তথ্যের জন্য কল করুন 511 নম্বরে, www.511NY.org -এ যান অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

নিউ ইয়র্ক স্টেট DOT কে টুইটারে ফলো করুন: @NYSDOT এবং @NYSDOTHV। ফেসবুকে NYSDOT খুঁজুন facebook.com/NYSDOT-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন